# পরিচ্ছেদ–২ ‖ বিপরীতার্থক শব্দ

## বিপরীতার্থক শব্দের বিস্তারিত উদাহরণ

### অ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| অম্ল | মধুর | অনুগ্রহ | নিগ্রহ | অগ্র | পশ্চাৎ |
| অন্ত্য | আদ্য | অধিক | অল্প | অর্পণ | গ্রহণ |
| অনন্ত | অন্ত | অপচয় | সঞ্চয় | অন্তর | বাহির |
| অনুরাগ | বিরাগ | অমর | মর | অনুকূল | প্রতিকূল |
| অন্তরঙ্গ | বহিরঙ্গ | অলীক | সত্য, বাস্তব | অনুজ | অগ্রজ |
| অতিকায় | ক্ষুদ্রকায় | অনুরক্ত | বিরক্ত | অভ্যাস | অনভ্যাস |
| অশন | অনশন | অণু | বৃহৎ | অজ্ঞ | বিজ্ঞ |
| অল্প | বিস্তর | অপরাধ | নিরপরাধ | অজ্ঞান | সজ্ঞান |

### আ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| আরম্ভ | সমাপ্ত | আকর্ষণ | বিকর্ষণ | আলস্য | শ্রম |
| আর্দ্র | শুষ্ক | আসল | নকল | আস্থা | অনাস্থা |
| আলো | অন্ধকার | আদান | প্রদান | আশা | নিরাশা |
| আসা | যাওয়া | আকাশ | পাতাল | আয় | ব্যয় |
| আবির্ভাব | তিরোভাব | আহার | অনাহার | আচার | অনাচার |
| আস্তিক | নাস্তিক | আদর | অনাদর | আগমন | নির্গমন |

### ই/ঈ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ইতর | ভদ্র | ইহকাল | পরকাল | ইচ্ছা | অনিচ্ছা |
| ইষ্ট | অনিষ্ট | ঈষৎ | অধিক | ঈর্ষা | প্রীতি |

### উ/ঊ/ঋ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| উপস্থিত | অনুপস্থিত | উগ্র | সৌম্য | উত্থান | পতন |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| উপকার | অপকার | উৎকর্ষ | অপকর্ষ | উন্নতি | অবনতি |
| উজ্জ্বল | ম্লান | উঠতি | পড়তি | উত্তম | অধম |
| উদয় | অস্ত | উষা | সন্ধ্যা | উর্ধ্ব | অধঃ |
| উষ্ণ | শীতল | উদ্ধত | বিনীত | ঋজু | বক্র |

## এ/ঐ/ও/ঔ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| এপার | ওপার | একাল | সেকাল | একূল | ওকূল |
| একমত | বহুমত | এযুগ | সেযুগ | এঁড়ে | বকনা |
| এখন | তখন | এরূপ | সেরূপ | এদিক | ওদিক |
| ঐকমত্য | মতভেদ | ঐহিক | পারত্রিক | ঐতিহাসিক | অনৈতিহাসিক |
| ঐক্য | অনৈক্য | ঐচ্ছিক | আবশ্যিক | ঐশ্বর্য | অনৈশ্বর্য |
| ওস্তাদ | সাগরেদ | উঠা | নামা | ওপর | নিচ |
| ঔদাসীন্য | আগ্রহ | ঔদার্য | কার্পণ্য | ঔচিত্য | অনৌচিত্য |

## ক

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| কু | সু | কনিষ্ঠ | জ্যেষ্ঠ | কৃতজ্ঞ | অকৃতজ্ঞ |
| কেজো | অকেজো | কমতি | বাড়তি | কুটিল | সরল |
| কপটতা | সরলতা | কল্যাণ | অকল্যাণ | কলুষ | নিষ্কলুষ |
| কল্পনা | বাস্তব | কচি | পাকা | কর্মঠ | অলস |
| কদাচিৎ | সর্বদা | কদাচার | সদাচার | কৃত্রিম | আসল |
| কোমল | কঠিন | ক্রয় | বিক্রয় | কাজ | অকাজ |
| করাল | সৌম্য | কলঙ্ক | সুনাম | কর্কশ | কোমল |
| কুপরামর্শ | সুপরামর্শ | কুদৃষ্টি | সুদৃষ্টি | কুখ্যাত | সুখ্যাত |
| কেন্দ্রীকরণ | বিকেন্দ্রীকরণ | কেলেঙ্কারি | খ্যাতি | কৃশ | স্থূল |
| কৃপণ | উদার, দয়ালু | কুশাসন | সুশাসন | কাঁচা | পাকা |

## খ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| খোলা | ঢাকা | খ্যাতি | অখ্যাতি | খোঁজ | নিখোঁজ |
| খালি | ভরা | খাঁটি | ভেজাল | খুচরা | পাইকারি |
| খাতক | মহাজন | খুঁত | নিখুঁত | খাটুনি | আলসেমি |
| খানিক | অধিক | খল | সরল | খাড়া | শোয়া |
| খরিদ | বিক্রয় | খাদ্য | অখাদ্য | খ্যাতনামা | অখ্যাতনামা |

**গ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| গরিমা | লঘিমা | গোপন | প্রকাশ | গরল | অমৃত |
| গুরু | লঘু | গ্রহণ | বর্জন | গুণ | দোষ |
| গুপ্ত | ব্যক্ত, প্রকাশিত | গৃহী | সন্ন্যাসী | গ্রাম্য | শহুরে |
| গরিষ্ঠ | লঘিষ্ঠ | গাঢ় | পাতলা | গভীর | অগভীর |

**ঘ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ঘোলা | স্বচ্ছ | ঘরে | বাইরে | ঘাত | প্রতিঘাত |
| ঘৃণা | ভালোবাসা | ঘোষিত | অঘোষিত | ঘন | পাতলা |

**চ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| চেতনা | জড় | চঞ্চল | স্থির | চোর | সাধু |
| চতুর | নির্বোধ | চড়াই | উতরাই | চেতন | অচেতন |
| চালাক | বোকা | চোখা | ভোঁতা | চপল | অচপল |
| চটুল | গম্ভীর | চেনা | অচেনা | চ্যুত | অচ্যুত |
| চূর্ণ | অচূর্ণ | চৌকশ | হাবা | চলিত | সাধু |

**ছ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ছায়া | রৌদ্র | ছাড়া | ধরা | ছটফটে | শান্ত |
| ছেলেমি | বুড়োমি | ছাত্র | শিক্ষক | ছেঁড়া | অক্ষত |

**জ/ঝ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| জীবন | মরণ | জয় | পরাজয় | জ্ঞানী | মূর্খ |
| জঙ্গম | স্থাবর | জোয়ার | ভাটা | জ্বলা | নেভা |
| জয়ী | পরাজিত | জৈব | অজৈব | জোড় | বিজোড় |
| জাগ্রত | নিদ্রিত | জুলুম | দয়া | ঝাল | মিষ্টি |
| জিন্দা | মুর্দা | জলে | স্থলে | ঝলমলে | মিটমিটে |
| জিন্দাবাদ | মুর্দাবাদ | জান্নাত | জাহান্নাম | ঝাপসা | পরিষ্কার |
| জ্ঞাতমূল | অজ্ঞাতমূল | জরা | যৌবন | ঝানু | আনাড়ি |
| জন্ম | মৃত্যু | জটিল | সরল | ঝগড়া | ভাব |
| জ্বলন্ত | নিভন্ত | জেতানো | হারানো | ঝুনা | কাঁচা |
| জানা | অজানা | জ্যোৎস্না | অন্ধকার | ঝটিতি | বিলম্ব |

## ট/ঠ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| টক | মিষ্টি | ঠকা | জেতা | ঠিক | বেঠিক |
| টাটকা | বাসি | ঠগ | সাধু | ঠান্ডা | গরম |
| টিমটিম | জ্বলজ্বল | ঠিকা | স্থায়ী | ঠুনকো | মজবুত |

## ড/ঢ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ডোবা | ভাসা | ডাগর | কচি | ঢালু | সমতল |
| ডান | বাম | ডানপিটে | শান্ত | ঢলঢলে | আঁটোসাঁটো |
| ডুবন্ত | ভাসন্ত | ঢোসা | হালকা | ঢ্যাঙা | খাটো |
| ডাঙা | জল | ঢের | অল্প | ঢাকা | খোলা |

## ত/থ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ত্যাজ্য | গ্রাহ্য | তিরোধান | আবির্ভাব | ত্রাস | সাহস |
| তীব্র | মৃদু | তেজি | নিস্তেজ | তাল | বেতাল |
| ত্বরিত | শ্লথ | তাজা | বাসি | ত্বরান্বিত | বিলম্বিত |
| তারুণ্য | বার্ধক্য | তস্কর | সাধু | তন্দ্রা | জাগরণ |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| তপ্ত | শীতল | তলদেশ | ঊর্ধ্বদেশ | তাপ | শৈত্য |
| তদানীং | ইদানীং | তামসিক | রাজসিক | থেঁতো | আস্ত |
| থোড়া | বহুত | তুখোড় | বোকা | থামা | চলা |

**দ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ | উত্তর | দিন | রাত | দৃশ্য | অদৃশ্য |
| দাতা | গ্রহীতা | দুরন্ত | শান্ত | দয়ালু | নির্দয় |
| দেনা | পাওনা | দেওয়া | নেওয়া | দুর্লভ | সুলভ |
| দোজখ | বেহেশত | দূর | নিকট | দীর্ঘায়ু | স্বল্পায়ু |
| দর্শক | প্রদর্শক | দক্ষ | অদক্ষ | দাবি | ছাড় |
| দুষ্কৃতি | সুকৃতি | দ্যুলোক | ভূলোক | দিবা | নিশি |

**ধ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ধর্ম | অধর্ম | ধূর্ত | সরল | ধরা | অধরা |
| ধ্বংস | সৃষ্টি | ধৃষ্ট | নম্র | ধীর | অধীর |
| ধাত্রী | ধাতা | ধূমপায়ী | অধূমপায়ী | ধবল | কৃষ্ণ |

**ন**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| নীরস | সরস | নিদ্রা | জাগরণ | নম্র | উদ্ধত |
| নিরাকার | সাকার | নতুন | পুরোনো | নরম | শক্ত |
| নির্জন | জনাকীর্ণ | নন্দিত | নিন্দিত | নিঃশেষ | অনিঃশেষ |
| নিরূপতি | অনিরূপতি | নৈতিকতা | অনৈতিকতা | নম্রতা | ঔদ্ধত্য |
| নিরাপদ | বিপদ | নিঃস্ব | বিত্তবান | নশ্বর | অবিনশ্বর, শাশ্বত |
| নিন্দুক | স্তাবক | নবীন | প্রবীণ | নির্মল | পঙ্কিল |

**প/ফ**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| পূর্ব | পশ্চিম | প্রাচ্য | প্রতীচ্য | পাপ | পুণ্য |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| পূর্ববর্তী | পরবর্তী | পন্ডিত | মূর্খ | পুষ্ট | অপুষ্ট, ক্ষীণ |
| প্রবীণ | নবীন | পূর্ণিমা | অমাবস্যা | পূজারি | পূজিত |
| প্রভু | ভৃত্য | পুরস্কার | তিরস্কার | প্রীতিকর | অপ্রীতিকর |
| প্রশ্ন | উত্তর | পালক | পালিত | প্রায়শ | কদাচিৎ |
| প্রকৃত | অপ্রকৃত | পটু | অপটু | পরিত্যক্ত | গৃহীত |
| প্রবিষ্ট | প্রস্থিত | পূর্বসূরি | উত্তরসূরি | প্রজ্বলন | নির্বাপণ |
| প্রচ্ছন্ন | ব্যক্ত | প্রবণতা | উদাসীনতা | প্রকৃষ্ট | নিকৃষ্ট |
| পূর্ণ | শূন্য | প্রচুর | স্বল্প | প্রতিভাবান | প্রতিভাহীন |
| পূর্বাহ্ণ | অপরাহ্ণ | প্রধান | অপ্রধান | প্রস্থান | আগমন |
| পরকীয় | স্বকীয় | প্রসন্ন | বিষণ্ন | পার্থিব | অপার্থিব |
| পবিত্র | অপবিত্র | পদ্য | গদ্য | প্রসারণ | সংকোচন |
| ফাঁপা | নিরেট | ফেল | পাশ | ফল | নিষ্ফল |
| ফলন্ত | অফলা | ফরসা | কালো | ফুটন্ত | ঠান্ডা |

## ব

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| বিনীত | উদ্ধত | বাধ্য | অবাধ্য | বিস্তৃত | সংক্ষিপ্ত |
| ব্যর্থ | সফল | বিধি | নিষেধ | বন্ধু | শত্রু |
| বন্ধন | মুক্তি | বিষ | অমৃত | ব্যষ্টি | সমষ্টি |
| বিশাল | ক্ষুদ্র | বহাল | বরখাস্ত | বোকা | চালাক |
| বন্ধুর | মসৃণ | বিকল্প | অবিকল্প | বড়ো | ছোটো |
| বারি | অগ্নি | বালক | বৃদ্ধ | বর্ধমান | ক্ষীয়মাণ |
| বাচাল | স্বল্পভাষী | বিরহ | মিলন | বিপন্ন | নিরাপদ |
| বেহেশত | দোজখ | বন্দনা | গঞ্জনা | বাদলা | শুকনা |
| বিরত | নিরত | বাড়তি | কমতি | বিদ্বান | মূর্খ |

## ভ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ভয় | সাহস | ভেদ | অভেদ | ভূত | ভবিষ্যৎ |
| ভাটা | জোয়ার | ভেতর | বাহির | ভণ্ড | সাধু |
| ভগ্ন | পূর্ণ | ভক্ত | বিরাগী | ভিন্ন | অভিন্ন |

SINCE 1997 NAGARUN PUBLICATION

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| ভীরু | নির্ভীক | ভূমিকা | উপসংহার | ভেজা | শুকনো |
| ভীতু | সাহসী | ভোগ | ত্যাগ | ভাব | অভাব |
| ভেজাল | খাঁটি | ভাঙা | গড়া | ভব্য | অভব্য |

**ম**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| মুখ্য | গৌণ | মহৎ | নীচ | মৃদু | তীব্র |
| মিলন | বিরহ | মিথ্যা | সত্য | মুখর | মৌনী |
| মিতব্যয়ী | অমিতব্যয়ী | মতি | দুর্মতি | মৌখিক | লেখ্য |
| মজবুত | ঠুনকো | মেঘাচ্ছন্ন | মেঘমুক্ত | মূর্ত | বিমূর্ত |
| মান | অপমান | মৌলিক | যৌগিক | মত্ত | নির্লিপ্ত |
| মসৃণ | বন্ধুর | মঞ্জুর | নামঞ্জুর | মন্দা | তেজি |

**য**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| যশ | অপযশ | যোগ | বিয়োগ | যত্ন | অযত্ন |
| যথার্থ | অযথার্থ | যজমান | পুরোহিত | যোজক | প্রণালি |
| যুক্ত | বিযুক্ত | যুদ্ধ | শান্তি | যাযাবর | গৃহী |
| যাচিত | অযাচিত | যৌবন | বার্ধক্য | যুগ্ম | অযুগ্ম |

**র**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| রুগ্ণ | সুস্থ | রদ | চালু | রামছাগল | পাতিছাগল |
| রোগ | নীরোগ | রিক্ত | পূর্ণ | রসিক | বেরসিক |
| রক্ষক | ভক্ষক | রত | বিরত | রোদ | বৃষ্টি |
| রুষ্ট | তুষ্ট | রাজি | নারাজ | রসালো | শুষ্ক |

**ল**

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| লাভ | ক্ষতি | লঘু | গুরু | লক্ষ্য | অলক্ষ্য |
| লম্বা | বেঁটে | লঘিষ্ঠ | গরিষ্ঠ | লেশ | যথেষ্ট |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| লিপ্সা | বিরাগ | লক্ষ্মী | অলক্ষ্মী | লিপ্ত | নির্লিপ্ত |

## শ/ষ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| শীতল | উষ্ণ | শ্রী | বিশ্রী | শিষ্ট | অশিষ্ট |
| শিষ্য | গুরু | শ্রদ্ধা | ঘৃণা | শীত | গ্রীষ্ম |
| শত্রু | মিত্র | শিখর | নিম্নদেশ | শুদ্ধ | অশুদ্ধ |
| শিরোদেশ | পাদদেশ | শীঘ্র | বিলম্ব | শুচি | অশুচি |
| শক্তি | দুর্বলতা | শ্যামল | গৌরাঙ্গ | শান্ত | অশান্ত |
| শুভ | অশুভ | শুকনো | ভেজা | শাসক | শাসিত |
| শর্তসাপেক্ষ | শর্তহীন | শয়ন | উত্থান | শীর্ণ | স্থূল |
| শিব | অশিব | শ্লীল | অশ্লীল | ষাঁড় | গাভি |

## স

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| সত্য | মিথ্যা | সমতল | অসমতল | সরকারি | বেসরকারি |
| সহিষ্ণু | অসহিষ্ণু | সন্ধি | বিগ্রহ | সুধা | গরল |
| সত্বর | মন্থর | সূক্ষ্ম | স্থূল | সজ্জন | দুর্জন |
| সুখ | দুঃখ | সমাপ্ত | আরম্ভ | সৃষ্টি | ধ্বংস |
| সুপ্ত | জাগ্রত | সুশ্রী | কুশ্রী | সংকীর্ণ | প্রশস্ত |
| স্মৃতি | বিস্মৃতি | সরল | বক্র | সমষ্টি | ব্যষ্টি |
| সুলভ | দুর্লভ | সদাচার | কদাচার | সাফল্য | ব্যর্থতা |
| স্বকীয় | পরকীয় | সজ্ঞান | অজ্ঞান | সাদৃশ্য | বৈসাদৃশ্য |
| স্বতন্ত্র | পরতন্ত্র | সামান্য | অসামান্য | সম্মুখে | পশ্চাতে |
| স্বর্গ | নরক | স্বাভাবিক | অস্বাভাবিক | সচেতন | অসচেতন |
| স্বাধীন | পরাধীন | সৌভাগ্যবান | অভাগা | সচরাচর | কদাচিৎ |
| সঞ্চয় | অপচয় | সিক্ত | শুষ্ক | সক্রিয় | নিষ্ক্রিয় |
| সবল | দুর্বল | সাহসী | ভীরু | সংশ্লেষণ | বিশ্লেষণ |
| স্থির | চঞ্চল | স্থাবর | অস্থাবর | স্নিগ্ধ | রুক্ষ |
| স্বার্থ | পরার্থ | সুগম | দুর্গম | সবাক | নির্বাক |

## হ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|---|---|
| হাসি | কান্না | হাল | সাবেক | হর্ষ | বিষাদ |
| হাস | বৃদ্ধি | হরণ | পূরণ | হৃদয়বান | হৃদয়হীন |
| হত | জীবিত | হিসাবি | বেহিসাবি | হিংসা | অহিংসা |
| হার | জিত | হতবুদ্ধি | স্থিতবুদ্ধি | হৃদ্যতা | কপটতা |

## সকল বোর্ডের প্রশ্নোত্তর

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| অশন | অনশন *[ঢা. '১১; সি. '০৬, '১২; রা. '০১; ব. ০১; দি. '০৯; চ. '১০, '০৮; য. '০২]* |
| অনুরাগ | বিরাগ *[রা. '১২; চ. '০৭; কু. '০২; য. '০৩, '১১; চ. '০৯; সি. '০২, '০৩]* |
| অগ্রজ | অনুজ *[ঢা. '১৪]* |
| অমৃত | গরল *[রা. '১৪]* |
| অর্বাচীন | প্রাচীন *[ব. '১৪; রা. '১২; সি. '১০; দি. '০৯; চ. '০৮; কু. ০১]* |
| অপচয় | সঞ্চয়/উপচয় *[সি. '১৩; য. '০৭, '০৪; কু. '০৯; চ. ০৩; রা. ০১]* |
| অনশন | অশন *[কু. '০৯, '০৭; চ. '০৩]* |
| অনুরক্ত | বিরক্ত *[সি. '১১; ব. '০৫]* |
| অক্ষম | সক্ষম *[ব. '১১]* |
| অধম | উত্তম *[রা. '১২, '১০; ব. '০৭]* |
| অর্থ | অনর্থ *[রা. '১০]* |
| অলস | পরিশ্রমী/কর্মঠ *[রা. '১০; ব. '০১]* |
| অলীক | বাস্তব/সত্য *[দি. '১৩; রা. '০৩; চ. ০১, '০৫; য. '০৬]* |
| অন্ত | আদি *[কু. '০৩]* |
| অন্তরঙ্গ | বহিরঙ্গ *[ব. '০২; য. '০৩; কু. '০৯, '০১]* |
| অধমর্ণ | উত্তমর্ণ *[রা. '০৮]* |
| অজিত | জিত *[ব. '০৮]* |
| অনুগ্রহ | নিগ্রহ *[কু. '০৭]* |
| অগ্র | পশ্চাৎ *[ব. '০৭, '০৫]* |
| অর্জন | বর্জন *[ঢা. '০৫; কু. '০৩, '০৫]* |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| অর্পণ | গ্রহণ *[রা. '০৫; সি. '০১]* |
| অধিত্যকা | উপত্যকা *[রা. '০৩]* |
| অন্তর | বাহির *[য. '০৫; ঢা. '০১; রা. '০৩]* |
| অনুজ | অগ্রজ *[চ. '০২; সি. '০১]* |
| অঞ্চল | অন্তরীক্ষ *[চ. '০২]* |
| অধঃ | ঊর্ধ্ব *[য. '০২]* |
| অসীম | সসীম *[য. '০১]* |
| অতিবৃষ্টি | অনাবৃষ্টি *[য. '০১]* |
| অসুর | সুর *[ঢা. '০০]* |
| অম্ল | মধুর *[কু. '০০; য. '০০]* |
| অপমান | মান *[রা. '০০]* |
| অনাচার | আচার *[রা. '০০]* |
| আবিল | অনাবিল *[চ. '১৪; য. '০৬]* |
| আদ্য | অন্ত *[চ. '১৪]* |
| আর্দ্র | শুষ্ক *[ঢা. '১১; কু. '০৫; রা. '০৭; র. '০৩, '১৪; সি. '১৩]* |
| আকুঞ্চন | প্রসারণ *[ঢা. '১১; রা. '০৮; কু. '০১; চ. '১৩]* |
| আবির্ভাব | তিরোভাব *[দি. '১২; সি. '১১; রা. '০৪; ঢা. '০১; য. '১০; চ. '০৭; ব. '০৭; কু. '০৬]* |
| আশীর্বাদ | অভিশাপ *[ব. '১১]* |
| আপন | পর *[রা. '১০]* |
| আবশ্যক | অনাবশ্যক *[য. '০৫, '১০; রা. '০৭]* |
| আবাহন | বিসর্জন *[সি. '১০; ব. '০৪, '০৯; রা. বো. '১৪]* |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| আরম্ভ | সমাপ্ত [য. '০৭] |
| আকর্ষণ | বিকর্ষণ [কু. '০৬] |
| আত্মীয় | অনাত্মীয় [য. '০৫] |
| আটক | মুক্তি/ছাড়া [কু. '০৩] |
| আর্য | অনার্য [য. '০২] |
| ইতর | ভদ্র [চ. '০৭; ব. '০৬; য. '০৪] |
| ইতি | শুরু [ঢা. '০৫; কু. '০৩] |
| ইদানীং | তদানীং [ব. '০২] |
| ইন্দ্রিয় | অতীন্দ্রিয় [চ. '১৩] |
| ইতিবাচক | নেতিবাচক [য. '০৮] |
| ইহলৌকিক | পারলৌকিক [য. '০৮] |
| ঈদৃশ | তাদৃশ [সি. '১১] |
| ঈষৎ | অধিক [কু. '০২, '০৪, '০৭, '১০; সি. '০৬; ব. '০৬] |
| উঠতি | পড়তি [রা. '০১] |
| উষা | সন্ধ্যা/গোধূলি [কু. '০৪; য. '১০; ব. '০৬] |
| ঊর্ধ্ব | অধঃ [চ. '০৮; ব. '০৮; কু. '১৩] |
| উৎকর্ষ | অপকর্ষ [ঢা. '১৪; কু. '১২; দি. '০৯; চ. '০২; ব. '০৭] |
| উদার | কৃপণ/অনুদার [সি. '০৪, '১২; চ. '০১, '০৫, '১০] |
| উত্থান | পতন [রা. '১০] |
| উজান | ভাটি [দি. '০৯; রা. '০৭; কু. '০৩, '০৫; ব. ০৩] |
| উত্তম | অধম [ব. '০৯] |
| উত্তরণ | অনুত্তরণ [য. '০৮] |
| উপচয় | অপচয় [য. '০৬; ব. ০২] |
| উজ্জ্বল | ম্লান [কু. '০২; রা. '০১] |
| ঋজু | বক্র [রা. '০১, '১৪; ব. '০৭, '১৪; চ. '০৫, '১২; সি. '১১; দি. '০৯; ঢা. '০৫] |
| এঁড়ে | বক্না [ব. '১৩] |
| ঐক্য | অনৈক্য [চ. '১৪] |
| ঐহিক | পারত্রিক [ঢা. '০২, '১০; চ. '০২, '০৮, '১১; কু. '০১, '১২; ব. '১৩; সি. '১১, '১৩; য. '০৯; রা. '০৮] |
| ঐচ্ছিক | আবশ্যিক [য. '১০; চ. '১৪; রা. '০৪; সি. '০১] |
| ঐশ্বর্য | দারিদ্র্য/অনৈশ্বর্য [কু. '০৬; সি. '০২; রা. '০৫; কু. '০২] |
| ঔদার্য | কার্পণ্য/অনৌদার্য [সি. '০২] |
| ঔদ্ধত্য | বিনয় [য. '০১; '০৬] |
| কৌতূহলী | নিস্পৃহ [য. '১৪; য. '০৭] |
| কৃতঘ্ন | কৃতজ্ঞ [চ. '১৩; ব. '০৭] |
| কাজ | অকাজ [রা. '১৩] |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ [ব. '১৩; চ. '১২] |
| কাপুরুষ | বীরপুরুষ [দি. '১৩; ব. '০৫] |
| কৃষ্ণ | শুক্ল [দি. '১২; য. '০৪; সি. '০৪; রা. '০৩; ব. '০৩; চ. '০১; ঢা. '০০] |
| কৃশ | স্থূল [দি. '১০; কু. '০৪; চ. '০৪] |
| কদাচিৎ | সর্বদা/অনবরত [ঢা. '১০; রা. '০৫, '০৮, '১৪; ব. '০৩; য. '০৬; চ. '০৬] |
| কর্কশ | শ্রুতিমধুর [ব. '০৩] |
| কেজো | অকেজো [ব. '০১] |
| কুৎসা | প্রশংসা [কু. '০০] |
| ক্ষীয়মাণ | বর্ধমান [ব. '১৩] |
| ক্ষয়িষ্ণু | বর্ধিষ্ণু [রা. '১২; সি. '১০, '১৩; কু. '০৫, '০৯; চ. '০৯; রা. '০৪; য. '০১, '০৩] |
| ক্ষমা | শাস্তি [চ. '১৪; য. '১৩; কু. '০৩, '০৫; ব. '০৭] |
| খল | সরল [রা. '১৪; চ. '০১; ব. '০৮; সি. '০৪] |
| খাতক | মহাজন [চ. '০৮; ব. '১৩] |
| খুচরা | পাইকারি [সি. '১০; ব. '০৯; |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| | *য. '১৪]* |
| গৃহীত | বর্জিত *[চ. '১৪]* |
| গ্রাম্য | শহুরে *[রা. '১৪; ব. '০১]* |
| গ্রহণ | বর্জন *[সি. '১৪]* |
| গুপ্ত | ব্যক্ত/প্রকাশিত *[ব. '১৪; য. '১৩; রা. '১১; সি. '১১]* |
| গৃহী | সন্ন্যাসী *[ব. '০১, '১৪; য. '১৩; সি. '০৪, '১৩; দি. '১০, '১২; চ. '০৬, '১১; ঢা. '১০; কু. '০৯, '১০; রা. '০১, '০৫]* |
| গরল | অমৃত *[রা. '১২; চ. '০৯; সি. '০৩, '০৬; রা. '০৩; য. '১১]* |
| গেঁয়ো | শহুরে *[য. '০৮]* |
| গুরু | লঘু *[চ. '০৮]* |
| গোপন | প্রকাশ *[য. '০০, '০৬]* |
| গতি | স্থিতি *[চ. '০০; সি. '০৩]* |
| ঘৃণা | ভালোবাসা/শ্রদ্ধা *[কু. '০১, '০৬]* |
| ঘাত | প্রতিঘাত *[ব. '০২]* |
| চালু | অচল *[ব. '১১]* |
| চিন্ময় | মৃন্ময় *[রা. '০৮; দি. '১১]* |
| চরিত্রবান | চরিত্রহীন *[য. '১০; রা. '০৪]* |
| চিরায়ত | সাময়িক *[ঢা. '১৪; য. '০৭; দি. '১০]* |
| চড়াই | উৎরাই *[বা. '০৭; সি. '০৩]* |
| চোর | সাধু *[ব. '০৫]* |
| জটিল | সরল *[চ. '১৪; ব. '০৪]* |
| জোয়ার | ভাটা *[সি. '১৪; য. '০৫; কু. '০১]* |
| জনাকীর্ণ | জনবিরল/নির্জন *[দি. '০৯]* |
| জ্ঞানী | মূর্খ *[কু. '০৩, '০৫, '০৯]* |
| জলচর | স্থলচর *[য. '০৮]* |
| জয় | পরাজয় *[ব. '০৮]* |
| জঙ্গাম | স্থাবর *[য. ০৬]* |
| জিত | হার *[ঢা. '০১]* |
| ঝানু | অপক্ব *[চ. '০৪, '১০]* |
| টাটকা | বাসি *[রা. '০৫]* |
| ঠকা | জেতা *[ব. '০২]* |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| ডোবা | ভাসা *[রা. '১৩]* |
| ডাঙা | জলাশয়/জলা *[দি. '১০]* |
| তাপ | শৈত্য *[কু. '০৩, '০৫; সি. '১২; রা. '১১]* |
| ত্যাজ্য | গ্রাহ্য *[ঢা. '১১; চ. '০৯]* |
| তিরোভাব | আবির্ভাব *[রা. '১১]* |
| তুষ্ট | রুষ্ট *[চ. '১১]* |
| তত্ত্ব | প্রয়োগ *[ব. '১১]* |
| তামসিক | রাজসিক *[ঢা. ০১; দি. '১১]* |
| তন্দ্রা | জাগরণ *[দি. '১০; ব. '১৩]* |
| তীব্র | মৃদু/লঘু *[দি. '১৩; ব. '০৯; ঢা. '০১; কু. '০৬; সি. '০৪; চ. '০৩]* |
| তেজি | নিস্তেজ/মন্দা *[য. '১৩; রা. '০৭]* |
| তিরস্কার | পুরস্কার *[ব. '১৩; য. '১০; চ. '০৭; রা. '০৩; ঢা. '০১; ব. '০৫; কু. '০৪]* |
| তিমির | আলোক *[ব. '০৭; কু. '০২, '০৬; রা. '০১; চ. '১৪, '০৬]* |
| তীক্ষ্ম | ভোঁতা *[য. '১১; চ. '০৫]* |
| তন্ময় | মৃন্ময় *[য. '০২]* |
| দখল | বেদখল *[চ. '১২]* |
| দারিদ্র্য | ঐশ্বর্য *[দি. '১২]* |
| দ্যুলোক | ভূলোক *[সি. '১২; য. '০৮; ব. '০১; চ. '০০]* |
| দীর্ঘায়ু | স্বল্পায়ু *[য. '০৮]* |
| দিবস | রজনি *[ব. '০৮]* |
| দুর্জন | সজ্জন *[চ. '১৪; সি. '০৬; য. '০৫]* |
| দরিদ্র | ধনী *[রা. '১৩]* |
| দুরন্ত | শান্ত *[য. '০৫, '১৩]* |
| দাতা | গ্রহীতা *[য. '০৯, '১১, ১৩; চ. '০১, '০৫; সি. '০৪]* |
| দৃঢ় | শিথিল *[কু. '১২; দি. '১২; ব. '০৯; চ. '০০]* |
| দুর্যোগ | সুযোগ *[ব. '০৪]* |
| দুঃশীল | সুশীল *[সি. '১১]* |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| দুষ্ট | শিষ্ট [ব. '০২] |
| ধৃত | মুক্ত [য. '০৭] |
| ধ্বংস | সৃষ্টি [রা. '১০, '১২; য. '০১] |
| ধবল | কৃষ্ণ [রা. '১১; সি. '১১; দি. '১০; কু. '০১] |
| নিরক্ষর | সাক্ষর [য. '১৪; চ. '০৩, '০৮; কু. '০০, '০৭; ব. '০৪; সি. '০২, '১০] |
| নৈসর্গিক | কৃত্রিম [ব. '১৪; সি. '১১] |
| নির্লজ্জ | সলজ্জ [সি. '১০, '১৪; ব. '০৪] |
| নিন্দা | প্রশংসা [চ. '১৩] |
| নিষিদ্ধ | আদিষ্ট [য. '১৩; রা. '০৫; ঢা. '০১; সি. '০৪] |
| নশ্বর | অবিনশ্বর [ঢা. '০৫; ব. '০৫; য. '০২; দি. '১৩; কু. '০১] |
| নিগ্রহ | অনুগ্রহ [কু. '০৭, '১০; রা. '০০; সি. '০৩; চ. '০২; '০৬] |
| নন্দিত | নিন্দিত [চ. '১০; সি. '১০] |
| নিন্দুক | প্রশংসাকারী/স্তাবক [রা. '১৪, '০৮] |
| নির্দোষ | দোষ [য. '০৮] |
| নবীন | প্রবীণ [ব. '০৮] |
| নির্জন | জনবহুল [য. '০৭] |
| নির্বাক | সবাক [ঢা. '০৫] |
| নিয়ত | বিরত [ঢা. '০২] |
| নির্মীলিত | উন্মীলিত [চ. '০০, '০২] |
| প্রলয় | সৃষ্টি [ব. '১৪; য. '০৬; দি. '১৩; চ. '১১] |
| পুরস্কার | তিরস্কার [চ. '১৪; য. '০৮] |
| পূর্ব | পশ্চিম [রা. '১৩] |
| প্রবল | দুর্বল [রা. '১৩] |
| প্রায়শ | কদাচিৎ [ব. '১২; য. '০৭] |
| পত্নী | পতি [চ. '১২] |
| প্রাচীন | অর্বাচীন [সি. '১২; য. '০৯; রা. '০৭; ঢা. '১০, '১১; সি. '০১] |
| প্রকাশ | গোপন [য. '১১; রা. '০০] |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| প্রাচ্য | প্রতীচ্য [চ. '১১; ব. '০৯; সি. '০৬; দি. '১০] |
| প্রমাণিত | অপ্রমাণিত [ব. '১১] |
| প্রসারণ | আকুঞ্চন [ব. '১১; কু. '০১] |
| প্রতীচী | প্রাচ্য [ব. '১১] |
| পাশবিক | মানবিক [দি. '১১] |
| প্রত্যর্পণ | গ্রহণ [কু. '১০] |
| প্রশ্বাস | নিঃশ্বাস [সি. '১০] |
| প্রশান্তি | অশান্তি [চ. '০১, '০৩, '০৯; রা. '০৮; ব. '০৬; ঢা. '০৫; য. '০০] |
| পারত্রিক | ঐহিক [চ. '০৯; সি. '০২; কু. '০০] |
| প্রশংসা | নিন্দা [য. '০৮] |
| পুণ্য | পাপ [চ. '০৪] |
| প্রীতি | ক্রোধ [রা. '০৩] |
| পথ | বিপথ [ব. '০২] |
| প্রতিযোগী | সহযোগী [চ. '০০] |
| পরকীয় | স্বকীয় [চ. '০০] |
| প্রীতিকর | অপ্রীতিকর [রা. '০০] |
| পাতিছাগল | রামছাগল [চ. '০৪] |
| ফতুর | বিত্তশালী [ঢা. '০২] |
| বিধবা | সধবা [রা. '১৪] |
| বরখাস্ত | বহাল [য. '১৪; ব. '১৩] |
| বিরক্ত | অনুরক্ত [ব. '১৪; কু. '১৩, '০৬, '০৪, '০২; চ. '০০] |
| বর্ধমান | ক্ষীয়মাণ [রা. '১৩] |
| বিপন্ন | নিরাপদ [য. '১৪] |
| বিনয় | ঔদ্ধত্য [চ. '১৪, '১৩; কু. '০০; ঢা. '০০] |
| বাদী | বিবাদী [রা. '০৪, '০৭, '১৩; কু. '১৩] |
| বাচাল | স্বল্পভাষী [য. '১১, '১৩; ব. '০২, '০৩, '০৯; কু. '১১, '১২; চ. '১১] |
| ব্যষ্টি | সমষ্টি [য. '১৩; রা. '১১] |
| বিদ্বান | মূর্খ [রা. '১০, '১২; য. '০৫; দি. '১৩; চ. '১৩, '০৫; কু. '১৩] |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| বন্ধুর | মসৃণ [সি. '১৩; চ. '১০; রা. '০৭] |
| বিরল | বহুল [ঢা. '১০; সি. '০৬; রা. '০৫; সি. '০১, '১৩] |
| বিরাগ | অনুরাগ [ঢা. '০০, '০২; চ. '১২] |
| বিসর্জন | আবাহন [সি. '০৪, '১২; চ. '০১, '১০] |
| বন্য | পোষ্য [ঢা. '০২; য. '০৪, '১১; চ. '০৫; সি. '০৬, '১০; ব. '১২] |
| বাহুল্য | সংক্ষেপ [দি. '১২] |
| বিনীত | দুর্বিনীত/উদ্ধত [ঢা. '০১; সি. '১৪, '০১, '০৪; কু. '০৭, '০৯; চ. '১৩, '০৯, '০৭; ব. '০৪, '০৬; য. '০৩, '১১] |
| বিষণ্ণ | প্রসন্ন [দি. '১১] |
| বাড়তি | কমতি [দি. '১১] |
| বর্ধিষ্ণু | ক্ষয়িষ্ণু [য. '০৯] |
| বিষাদ | হর্ষ [চ. '০৬] |
| বিস্তৃত | সংকীর্ণ [য. '০৫] |
| ব্যক্ত | অব্যক্ত/গুপ্ত [কু. '০৩] |
| বিষ | অমৃত [সি. '০৩] |
| বোকা | চালাক [ঢা. '০১] |
| বন্ধন | মুক্ত [ঢা. '০০; কু. '০১] |
| বাহুল্য | স্বল্পতা/সংক্ষিপ্ত [কু. '০০] |
| বিশ্লেষণ | সংশ্লেষণ [ঢা. '১১; চ. '০০; রা. '০৮] |
| ভাটি | উজান [দি. '১২] |
| ভদ্র | অভদ্র [রা. '১১] |
| ভূত | ভবিষ্যৎ [য. '১১; ব. '১১; দি. '১১; কু. '০১, '০৭, '১০; দি. '০৯; চ. '০৮; সি. '০৬; রা. '০৫; য. '০৪; সি. '০৩] |
| ভোঁতা | ধারাল/চোখা [কু. '১০, '০৬, '১৩; ব. '০২] |
| ভূমিকা | উপসংহার [য. '১০; কু. '০৪] |
| ভুল | শুদ্ধ [চ. '০৪; কু. '০৬] |
| ভীরু | নির্ভীক [রা. '০৪] |
| মসৃণ | অমসৃণ/বন্ধুর [রা. '১৪; য. '০৪; চ. '০৪, '০৭; কু. '০৭, '১০, '১৩; দি. '১০; সি. '০১, '০৬; ব. '১২] |
| মহাজন | খাতক [য. '১৪; দি. '১১] |
| মহৎ | নীচ [সি. '১৪; কু. '০৪; ব. '০৪, '০৬; য. '১০] |
| মূর্ত | বিমূর্ত [ঢা. '০৫; য. '০২; সি. '০৬; কু. '১৩; ব. '১২] |
| মহাত্মা | দুরাত্মা [ঢা. '১১; য. '০৯; চ. '০১; কু. '১২] |
| মুখ্য | গৌণ [চ. '১২] |
| মুক্ত | আবদ্ধ [কু. '১০] |
| মধুর | কটু/তিক্ত [চ. '১০] |
| মতৈক্য | মতানৈক্য [য. '০৯] |
| মাগনা | কষ্টলব্ধ [ঢা. '০২] |
| যশ | অপযশ [দি. '১২; কু. '০৯; য. '০৩; ব. '০২, '১২] |
| যেমন | তেমন [ব. '১২] |
| যৌবন | বার্ধক্য [চ. '০১, '০৩; সি. '০৪] |
| যুক্ত | বিযুক্ত [ব. '০২] |
| রত | বিরত [চ. '১৩] |
| রমণীয় | কদাকার [য. '০৭] |
| লুপ্ত | অস্তিত্ব [ঢা. '১০] |
| লিপ্ত | নির্লিপ্ত [চ. '০৩, '০৯; ব. '০১] |
| লঘু | গুরু [য. '০৫, '০৭] |
| লোভ | নির্লোভ [য. '০৫] |
| লেখ্য | কথ্য [চ. '০৬] |
| শুরু | শেষ [চ. '১৪; ব. '০৪] |
| শান্ত | অশান্ত [চ. '১৩] |
| শহিদ | গাজি [ব. '১২] |
| শাক্ত | বৈষ্ণব [দি. '১২] |
| শৈত্য | তাপ [ব. '০৮; কু. '১০; দি. '০৯] |
| শত্রু | মিত্র [রা. '০৪; য. '১০] |
| শৌখিন | পেশাদার [য. '০৯] |
| শুক্লপক্ষ | কৃষ্ণপক্ষ [য. '০৯] |
| শ্রদ্ধা | অশ্রদ্ধা [য. '০০, '০৬] |
| শর্বরী | দিবস [চ. '০২] |

NABARUN PUBLICATION

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| শ্বাস | প্রশ্বাস *[য. '০১]* |
| সংহত | অসংহত *[ব. '১২]* |
| সচল | অচল *[ব. '১২]* |
| সুশীল | দুঃশীল *[ঢা. '১১; য. '১৪; চ. '১৪; '০৭, '১১; সি. '০৪]* |
| সহযোগী | প্রতিযোগী *[রা. '১১; চ. '০৯, '০৩; ব. '০৯]* |
| সৌম্য | করাল *[চ. '১৪; য. '১৪; কু. '০৪, '১৩; রা. '০৩; দি. '১৩; সি. '১২; ঢা. '১১; চ. '১০; '০৭; ব. '০৬]* |
| সৃষ্টি | প্রলয়/ধ্বংস *[সি. '১২; চ. '০৪; ব. '০২; রা. '১৪]* |
| সার্থক | নিরর্থক/ব্যর্থ *[চ. '১৪]* |
| সন্ধ্যা | সকাল *[সি. '১৪]* |
| সঞ্চয় | অপচয় *[য. '০১; রা. '০০, সি. '১৪]* |
| সম্বল | নিঃসম্বল *[রা. '১৩]* |
| সাকার | নিরাকার *[কু. '১৩; রা. '১২; চ. '০৮, '১১; দি. '০৯]* |
| স্থাবর | অস্থাবর *[ব. '০২, '১৩]* |
| স্তাবক | নিন্দুক *[ব. '১৩]* |
| সিক্ত | শুষ্ক *[কু. '১২; য. '০৯]* |
| সুজন | কুজন *[চ. '১২]* |
| সত্বর | মন্থর *[ব. '১১]* |
| সন্ধি | বিবাদ, বিগ্রহ *[রা. '১০]* |
| সুলভ | দুর্লভ *[ব. '০৮]* |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|
| সংশয় | নিশ্চয় *[রা. '০৭; সি. '০১]* |
| সদর | অন্দর *[ব. '০৭]* |
| সাদৃশ্য | বৈসাদৃশ্য *[চ. '০৬]* |
| সুকৃতি | দুষ্কৃতি *[ঢা. '০২; য. '১০; চ. '১৩; কু. '০০, '০৪; ব. '০৬]* |
| সূক্ষ্ম | স্থূল *[ঢা. '০৫, '০২]* |
| স্বর্গ | নরক *[ব. '০৫]* |
| সন্ধ্যা | প্রভাত *[ব. '০৪]* |
| সরস | নীরস *[সি. '০৩]* |
| স্পষ্ট | অস্পষ্ট *[ব. '০৩]* |
| সমষ্টি | ব্যষ্টি *[কু. '০২; চ. '০০]* |
| স্থূল | সূক্ষ্ম *[সি. '০২; চ. '০৯; কু. '১২]* |
| সরল | কুটিল/জটিল *[ঢা., '০০; চ. '০১; সি. '০৪]* |
| স্থল | জল *[রা. '০৭]* |
| স্তুতি | নিন্দা *[কু. '০১]* |
| হৃদ্যতা | কপটতা *[য. '০৪; কু. '০১; দি. '১৩]* |
| হাজির | গরহাজির *[রা. '১০, '১২; কু. '১২; য. '০৯]* |
| হতবুদ্ধি | স্থিতবুদ্ধি *[রা. '১০]* |
| হ্রাস | বৃদ্ধি *[সি. '১৪; চ. '০৫; য. '০২]* |
| হরদম | কদাচিৎ *[কু. '০১]* |
| হর্ষ | বিষাদ *[য. '০০, '০৩; চ. '১০; কু. '০২]* |
| হরণ | পূরণ *[দি. '১১; য. '০৭; ব. '১৩]* |

## বিপরীতার্থক শব্দ প্রয়োগে বাক্য রচনা

অক্ষম–সক্ষম : অক্ষম মানুষের সহায়তায় সক্ষম মানুষের এগিয়ে আসা উচিত।

অগ্র–পশ্চাৎ : অগ্র-পশ্চাৎ না ভেবে কোনো কাজ করা ঠিক নয়।

অধম–উত্তম : তুমি অধম বলেই আমাকে উত্তম হতে হবে।

অগ্রিম–বকেয়া : জাহিদ সাহেব তাঁর বাড়িভাড়ার বকেয়া পরিশোধ করে ৮,০০০ টাকা অগ্রিম দিয়ে দিলেন।

অন্তর–বাহির : অন্তর-বাহির না জেনে কারও সঙ্গে বন্ধুত্ব করা উচিত নয়।

অপরাধ–নিরপরাধ : অপরাধ করেও সে নিজেকে নিরপরাধ মনে করে।

অভিমানী–নিরভিমান : রাতুল মায়ের কাছে অভিমানী হলেও বন্ধুবান্ধবের কাছে নিরভিমান।

অমৃত–গরল : তার মুখটা অমৃত হলেও ভেতরটা গরল।

আকার–নিরাকার : মহানবি (স)-এর আকার ছিল কিন্তু আল্লাহ নিরাকার।

আকাশ–পাতাল : এত আকাশ-পাতাল না ভেবে কাজে হাত দাও।

আটক–মুক্ত : আটক লোকটি মুক্ত হলো কবে?

| | | |
|---|---|---|
| আয়–ব্যয় | : | আয় বুঝে ব্যয় করো। |
| আশা–নিরাশা | : | দুই ভাই আশা-নিরাশার দ্বন্দ্বে ভুগছে। |
| আসল–নকল | : | এই জগতে কোনটি আসল কোনটি নকল বোঝা কঠিন। |
| ইহকাল–পরকাল | : | দুর্নীতিবাজরা ইহকালে সুখে থাকলেও পরকালে ফল ভোগ করবে। |
| উত্তীর্ণ–অনুত্তীর্ণ | : | একবার অনুত্তীর্ণ হলেও পরবর্তী সময়ে উত্তীর্ণ হবেই। |
| উত্থান–পতন | : | উত্থানের শেষ কথাটিই পতন। |
| উন্নতি–অবনতি | : | বন্যা পরিস্থিতির আজ উন্নতি হলে কাল অবনতি হয়। |
| উপকার–অপকার | : | কারও উপকার করতে না পারো, অপকার কোরো না। |
| ঊর্ধ্ব–নিম্ন | : | 'ঊর্ধ্ব গগনে বাজে মাদল, নিম্নে উতলা ধরণীতল।' |
| একাল–সেকাল | : | একাল-সেকালের মধ্যে কোনো মিল নেই। |
| ঐক্য–অনৈক্য | : | ঐক্য সব কাজের সহায়ক, আর অনৈক্য পতন ডেকে আনে। |
| ঐচ্ছিক–আবশ্যিক | : | ঐচ্ছিক বিষয়ের চেয়ে আবশ্যিক বিষয়ের গুরুত্ব অনেক বেশি। |
| উঠা–নামা | : | পাহাড়ের চূড়ায় উঠা যত কঠিন, তার চেয়ে বেশি কঠিন নামা। |
| কঠোর–নরম | : | কঠোর মনের লোকেরা নরম মনের লোকদের ওপর শোষণনীতি চালায়। |
| কল্যাণ–অকল্যাণ | : | যে ব্যক্তি অপরের কল্যাণ কামনা করে তার জীবনে অকল্যাণ হয় না। |
| কাজ–অকাজ | : | অনেকেই কাজের চেয়ে অকাজ বেশি করে। |
| কুৎসিত–সুন্দর | : | তোমরা তার বাইরের সুন্দর চেহারাটি দেখেছ, ভেতরের কুৎসিত মনটি দেখোনি। |
| ক্রয়–বিক্রয় | : | ব্যাবসা খারাপ, ক্রয়-বিক্রয় তেমন একটা নেই। |
| ক্রোধ–প্রীতি | : | ক্রোধের চেয়ে প্রীতির সম্পর্ক অনেক ভালো। |
| খাদ্য–অখাদ্য | : | খাদ্য পচে গেলে অখাদ্য হয়ে যায়। |
| খোঁজ–নিখোঁজ | : | জহির রায়হান তাঁর ভাইকে খোঁজ করতে গিয়ে নিজেই নিখোঁজ হন। |
| খ্যাতি–অখ্যাতি | : | সেলিমের খ্যাতির সাথে সাথে কিছু অখ্যাতিও আছে। |
| গদ্য–পদ্য | : | আমি গদ্য লিখি, পদ্য লিখতে পারি না। |
| গুণ–দোষ | : | গুণ খুঁজতে গেলে দোষ চাপা দিতে হবে। |
| গ্রহণ–বর্জন | : | ভালো জিনিস গ্রহণ করে খারাপটি বর্জন করা উচিত। |
| ঘটন–অঘটন | : | লেখকরা অঘটন-ঘটন পটীয়সী প্রতিভা নিয়ে জন্মান। |
| ঘাত–প্রতিঘাত | : | ঘাত করলে প্রতিঘাত খেতে হয়। |
| ঘৃণা–শ্রদ্ধা | : | গুরুজনকে ঘৃণা না করে সবসময় শ্রদ্ধা করবে। |
| চলা–থামা | : | চলতে চলতে থামলে কেন? |
| চালাক–বোকা | : | চালাক লোকেরা বোকাদের ঠকায়। |
| চেনা–অচেনা | : | সালাম দিতে চেনা-অচেনা বিবেচনা করা ঠিক নয়। |
| চোর–সাধু | : | কে চোর, কে সাধু চেনা মুশকিল। |
| জড়–চেতন | : | মানুষের মন চেতন, তার দেহ জড়। |
| জন্ম–মৃত্যু | : | জন্ম যখন নিয়েছি মৃত্যু তো অবধারিত। |
| জোয়ার–ভাটা | : | সব নদীতেই জোয়ার-ভাটা হয়। |
| জ্ঞানী–মূর্খ | : | জ্ঞানী ব্যক্তিরা মূর্খের মতো আচরণ করেন না। |
| টক–মিষ্টি | : | বেণু টক খেতে পছন্দ করে, মিষ্টি মোটেই খায় না। |
| ঠান্ডা–গরম | : | গরমে গলা শুকিয়ে গেছে, একটু ঠান্ডা পানি খাওয়াবে? |
| ডান–বাম | : | রাস্তায় চলার সময় বামদিক দিয়ে চলবে, ডানদিক দিয়ে নয়। |

SINCE ... PUBLICATION

| | | |
|---|---|---|
| ঢাকা–খোলা | : | খাবার ঢাকা দিয়ে না রেখে খোলা রেখেছ কেন? |
| তরল–কঠিন | : | তরল পানি জমে কঠিন বরফে পরিণত হয়। |
| তরুণ–প্রবীণ | : | তরুণকে একদিন প্রবীণ হতে হয়। |
| তাজা–বাসি | : | তাজা খাবার না খেয়ে বাসি খাবার খেলে শরীর ভালো থাকে না। |
| তিক্ত–মধুর | : | বাস্তবতার সঙ্গে আমাদের সম্পর্ক যেমনই তিক্ত তেমনই মধুর। |
| ত্যাগ–গ্রহণ | : | কাউকে ত্যাগ করার চেয়ে গ্রহণের আনন্দ অনেক। |
| দাতা–গ্রহীতা | : | দাতার দান গ্রহণ করে দাতা-গ্রহীতা দু'জনই আনন্দ পায়। |
| দিন–রাত | : | 'রাতে মশা দিনে মাছি, এই নিয়ে ঢাকায় আছি।' |
| দিবস–রজনি | : | আসিফ এতই অলস যে, দিবসের কাজ রজনিতে শেষ হয়। |
| দুর্বল–সবল | : | দুর্বল ব্যক্তিরা সবলের মতো কাজ করতে পারে না। |
| দেনা–পাওনা | : | জীবনের দেনা-পাওনার হিসাব একদিন মিটে যাবে। |
| ধার্মিক–অধার্মিক | : | সমাজে ধার্মিক লোক অধার্মিকের চেয়ে বেশি শ্রদ্ধার পাত্র। |
| ধ্বংস–সৃষ্টি | : | 'আমি সৃষ্টি, আমি ধ্বংস, আমি লোকালয়, আমি শ্মশান, আমি অবসান, নিশাবসান।' |
| নিন্দা–প্রশংসা | : | অপরের নিন্দা না করে প্রশংসা করা উচিত। |
| নিয়ম–অনিয়ম | : | নিয়মকে অনিয়মে পরিণত করাই অনেকের স্বভাব। |
| নিরীহ–দুর্দান্ত | : | তাকে দেখে যতটা নিরীহ ভাবছ, ও ততটাই দুর্দান্ত। |
| পটু–অপটু | : | প্রকাশ কাজে যত অপটু, খাওয়ায় ততখানিই পটু। |
| পরাজয়–বিজয় | : | পরাজয়ের গ্লানি থেকেই বিজয়ের চেতনা জাগে। |

NABARUN PUBLICATION